

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৮৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬৫]

৮. কিতাবুস্ সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ অনুচ্ছেদ

باب

আরবী

الله عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ: أَنَّ رَجُلَيْنِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ، خَرَجَا مِنْ عِنْدِ النَّبِيِّ فِي لَيْلَةٍ مُظْلِمَةٍ، وَمَعَهُمَا مِثْلُ الْمِصْبَاحَيْنِ، يُضِيئَانِ بَيْنَ أَيْدِيهِمَا، فَلَمَّا افْتَرَقَا صَارَ مَعَ كُلِّ مُظْلِمَةٍ، وَمَعَهُمَا وَاحِدٌ، حَتَّى أَتَى أَهْلَهُ.

বাংলা

২৮৯) আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা অন্ধকার রাতে দু'জন সাহাবী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট থেকে বের হলেন। তাদের সামনে ছিল দু'টি প্রদীপের ন্যায় আলোকময় বস্তু। যা তাঁদের সামনে রাস্তা আলোকিত করছিল। যখন তাঁরা উভয়ে নিজ নিজ বাড়ীতে যাওয়ার জন্য পৃথক হলেন তখন প্রত্যেকের সাথে বাড়ী পৌঁছা পর্যন্ত একটি করে আলোকময় বস্তু ছিল।

টিকাঃ অন্য বর্ণনায় এসেছে, ঘটনাটি ছিল আব্বাদ বিন বিশ্র এবং উসাইদ ইবনে হুজাইর (রাঃ)এর সাথে সম্পৃক্ত। তাঁরা উভয়েই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ইশার নামায আদায় করার পর তাঁর সাথে কথা-বার্তা বললেন। এতে অনেক রাত হয়ে গেল। রাত্রিটি ছিল অন্ধকারাচ্ছন্ন। কথা-বার্তা শেষে তারা যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দরবার থেকে বের হয়ে আসলেন তখন তাদের সামনে উক্ত আলো প্রকাশিত হল।

English

Chapter

Narrated Anas bin Malik:

Two of the companions of the Prophet (ﷺ) departed from him on a dark night and were led by two lights like lamps (going in front of them from Allah as a miracle) lighting the way in front of them, and when they parted, each of them was accompanied by one of these lights till he reached their



(respective) houses.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন